

ইউনানি আয়ুর্বেদিক কলেজ শিক্ষার্থীদের সড়ক অবরোধ, পুলিশের গুলিতে আহত ২০

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর কাফরুলে সরকারি ইউনানি আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ হাসপাতালে বহিরাগতদের উপদ্রবের প্রতিবাদে শিক্ষার্থীরা সড়ক অবরোধ করেছে। এ সময় পুলিশের সঙ্গে তাদের দফায় দফায় সংঘর্ষ হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ শটগানের গুলি ও টিয়ার শেল ছোড়ে। এতে অন্তত ২০ শিক্ষার্থী আহত হয়েছেন। গুরুত্বপূর্ণত্বের রাতে এ ঘটনা ঘটে। আহত শিক্ষার্থীদের মধ্যে ১৬ জনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তারা হলেন শাহ জালাল, সবদের, রোকন, মৌদুদ, সুদিশ, সাঈদ, দুলাল, লিমন, রাতুল, সঞ্জিব, আল আমিন, লুৎফর ও সুমন। আহতদের সবাই ২০ থেকে ২২ বছরের মধ্যে। আহতদের অভিযোগ, দীর্ঘদিন ধরে কলেজ মাঠে বহিরাগতরা নাদক সেবন ও অসামাজিক কার্যকলাপ করে আসছিল। বহিরাগতদের মাঠে প্রবেশ করতে নিষেধ করা হলেও তারা নিষেধ অমান্য করে মাঠে প্রবেশ করে। এরপর বৃহস্পতিবার বিকেলে কলেজের অধ্যক্ষকে সঙ্গে নিয়ে বহিরাগতদের মাঠ থেকে বের করা

হয়। সন্ধ্যায় ওই কলেজের এক শিক্ষার্থী বাইরে গেলে তাঁকে মারধর করে বহিরাগত বখাটেরা। খবর পেয়ে অন্য শিক্ষার্থীরা রাত ১০টার দিকে সড়ক অবরোধ করে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে শিক্ষার্থীদের সরে যেত বলে। ছাত্রকে মারধরের ঘটনায় তারা পুলিশের কাছে বিচার দাবি করেন। একপর্যায়ে পুলিশ অতর্কিতভাবে শিক্ষার্থীদের ওপর শটগানের গুলি চালায়। এতে ১৩ শিক্ষার্থী গুলিবিদ্ধ হয়। আহতদের রাত সাড়ে ১২টার দিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতাল সূত্র জানায়, আহত শিক্ষার্থীদের কারো হাতে ও কারো পায়ের শটগানের গুলির আঘাতের চিহ্ন রয়েছে। তবে তাঁদের চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়ার প্রক্রিয়া চলছে। কাফরুল থানার এসআই ইন্ড্রিস আলী বলেন, কাফরুল থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে কলেজের শিক্ষার্থীদের অবরোধ তুলে নিতে বলা হলে তারা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে। পরে পুলিশও আত্মরক্ষার্থে শিক্ষার্থীদের লক্ষ্য করে টিয়ার শেল ছোড়ে। এতে কয়েকজন ছাত্র আহত হন।